# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২৩-২০২৪/ ৬৩ তারিখ- ০৬/০৭/২০২৩

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১০/০৭/২০২৩ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।
৩। বিভিন্ন কমিটিতে অন্তর্ভূক্ত দরিদ্র শ্রেণীর প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা প্রসঙ্গে আলোচনা।
৪। বিবিধ।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.................................................................
সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-১০৯

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১০-০৭-২০২৩ খ্রিঃ।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পাপিয়া | কাউন্সিলর, সংরক্ষিত-২, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ নাসরিন | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
আলোচনা ঃ- গত ০৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
০৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

২নং আলোচ্য বিষয় ঃ দারিদ্র হ্রাসকরণ কর্ম-পরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

আলোচনাঃ আলোচ্য বিষয়ে আলোচনা কালে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) নির্দেশনা মোতাবেক জয়পুরহাট পৌরসভার জেন্ডার এ্যাকশন প্ল্যান (PRAP)) বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরে ত্রৈমাসিক বিভাজনের ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ বাধ্যবাধকতা রয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে আলোচনা করেন।

মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর (সংরক্ষিত-০১) জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে খসড়া কর্ম-পরিকল্পনা করে তা পরিবর্তী কমিটি সভায় উপস্থাপন করার বিষয়ে মতামত প্রদান করেন।

মোঃ ওলিউজ্জামান, কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, জয়পুরহাট পৌরসভার আগামী ০১ (এক) বছরের জন্য দারিদ্র হ্রাসকরন কর্ম-পরিকল্পনা প্রনয়ন বিষয়টি গুরত্বপূর্ণ বিধায় মেয়র মহোদয় ও পৌর অন্যান্য সদস্যদের সাথে সময় নিয়ে আলোচনা করে কর্ম-পরিকল্পনা প্রনয়ন করলে তা বাস্তবায়নের ক্ষেত্রে সহজ হবে।

মোছাঃ নাসরিন, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী), দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, দারিদ্র হ্রাসকরনের অন্যতম হাতিয়ার হলো দরিদ্র মানুষের কর্মসংস্থান সুযোগ সৃষ্টি করা । আর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার জন্য ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে। তাই কর্ম-পরিকল্পনায় ব্যাপক কর্মসংস্থানমূখী প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ২০২৩-২৪ অর্থ বছরে জয়পুরহাট পৌরসভার PRAP বাস্তবায়নের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে কমিটির সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা করে খসড়া কর্ম-পরিকল্পনা প্রনয়নের জন্য এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান ও এ কাজ সার্বিক মনিটরিং করার জন্য সভাপতি কে দায়িত্ব প্রদান করা হলো এবং আগামী মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচী-৩। বিভিন্ন কমিটিতে অন্তর্ভূক্ত দরিদ্র শ্রেণীর প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা প্রসঙ্গে আলোচনা।

আলোচনাঃ- সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনাকালে বলেন যে, আপনারা অবগত আছেন যে, পৌরসভা কর্তৃক গঠিত বিভিন্ন স্থায়ী ও অতিরিক্ত স্থায়ী কমিটিতে স্থানীয় সরকার মন্ত্রণালয় ও বিভিন্ন প্রকল্পের নির্দেশনা মোতাবেক কমিটি সমূহে দরিদ্র শ্রেণীর প্রতিনিধিদের অন্তর্ভূক্তি নিশ্চিত করা হয়েছে। বিভিন্ন কমিটি সভায় নিয়মিত উপস্থিত হওয়া এবং সুচিন্তিত মতামত উপস্থাপনসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ সম্পর্কে দরিদ্র শ্রেণীর প্রতিনিধি সদস্যদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন। কমিটির সদস্য ও প্রতিনিধিগণ উক্ত আলোচ্য বিষয়ে আলোচনা অন্তে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

সিদ্ধান্তঃ দরিদ্র শ্রেণীর প্রতিনিধিদের বিভিন্ন কমিটি সভায় সামনের দিকে আসনগ্রহন করে বক্তব্য প্রদান ও স্ব স্ব কমিটির কার্যবিবরণী সম্পর্কে জ্ঞাত হওয়া এবং দরিদ্র শ্রেণীর প্রতিনিধি হিসাবে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবগত হওয়া প্রভৃতি বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি করার বিষয়ে বিশেষ সেমিনার করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উক্ত কমিটির সদস্য সচিবকে নির্দেশ দেওয়া হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ৪২

তারিখ- ১০/০৭/২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ......................................................... সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

D:\Bosty\Regu/Ragulation-Bosti

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৭/২০২৩ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোঃ ওলিউজ্জামান | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৭ | মোছাঃ নাসরিন বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | দারিদ্র শ্রেণীর প্রতিনিধি | সদস্য | মর্জিনা |
| ৯ | মোঃ হাসানুজ্জামান | সমাজ উন্নয়ন কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা | সদস্য-সচিব | |